

জিন্দালদের সিমেন্ট রাজ্যের বাজারে

শালবনির বাড়তি

জমিতে শিল্পতালুক?

আজকালের প্রতিবেদন

শালবনিতে জিন্দালদের সিমেন্ট রাজ্যের বাজারে এল। ওই কারখানার বাইরে বাড়তি জমি পড়ে রয়েছে। ওই জমিতে শিল্পতালুক হতে পারে বা রাজা সরকার ফিরিয়েও নিতে পারে বলে জানানেন জেএসডব্লু সিমেন্টের ব্যবস্থাপক অধিকর্তা (এমডি) পার্থ জিন্দাল। বৃহত্তর কলকাতায় জেএসডব্লু সিমেন্টের উদ্বোধন হল। সেখানে পার্থ জিন্দাল জানান, শালবনিতে সিমেন্ট ও অন্যান্য কারখানার জন্য তাঁদের প্রয়োজনীয় ১৫০০ একর জমি বাদ দিয়ে বাকি ২৫০০ একর জমিতে শিল্প পার্ক করা হোক। সেখানে বিনিয়োগে অন্য শিল্পপতিরা এগিয়ে আসুন। তাঁর বক্তব্য, শালবনিতে বড় লৌহ-ইস্পাত কারখানা করা যায়নি, তাই ওই পরিমাণ জমির সরকার হবে না। এ বিষয়ে সরকারের সঙ্গে কথা চলেছে। এই প্রকল্পের জন্য রাজ্য সরকারের কাছ থেকে সবরকমের সহযোগিতা পেয়েছি।

তিনি আরও জানান, লৌহ-ইস্পাত কারখানার জন্য জমিদাতা ৪৮৮টি পরিবারের প্রত্যেককে সে-সময়

চাকরির প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিছু চাকরি দেওয়া হয়েছে। এখানে একটি রং কারখানা হবে, সিমেন্ট কারখানা আরও বড় হবে। এবং একটি কৃষি প্রকল্পে আরও কিছু চাকরি হবে। সৌরবিদ্যুৎ সংক্রান্ত একটি প্রকল্পের বিষয়েও কথা চলেছে। প্রকল্পটি হলে প্রায় ৩৫০ জনের কর্মসংস্থান হবে।

পার্থ জিন্দাল বলেন, 'এটি এখন ভারতের দ্রুত বেড়ে চলা সিমেন্ট কোম্পানি। দক্ষিণ ভারতের রাজ্যগুলি, মহারাষ্ট্র, গোয়া, ওড়িশায় আমাদের ভাল উপস্থিতি রয়েছে। এবার পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে জেএসডব্লু সিমেন্টকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া হবে।'

২০১৬ সালের জানুয়ারিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উদ্বোধন করেছিলেন এই সিমেন্ট প্ল্যান্টের। বেশ কয়েকটা ধাপ পেরিয়ে জেএসডব্লু সিমেন্ট এদিন পূর্বাঞ্চলের বাজারে আনল তাদের প্রিমিয়াম পিএসসি (পোর্টল্যান্ড হ্যাগ সিমেন্ট) গ্রেড। এটি রাজ্যের বৃহত্তম সিমেন্ট প্ল্যান্ট। এখানে উৎপাদন হয় ২.৪ এমটিপিএ প্রিমিয়াম পিএসসি গ্রেড সিমেন্ট। আগামী দিনে এর উৎপাদন দ্বিগুণ করা হবে। এই সিমেন্ট পরিবেশ-বান্ধব।